গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা
৯১, মতিঝিল, বা/এ, ঢাকা।
www.moind.gov.bd

## শিল্প মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নৈতিকতা কমিটির (মার্চ ২০২১ মাসের) সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব কে এম আলী আজম
সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ১৮/০৩/২০২১
সময় : বেলা ১১.৩০ ঘটিকা
স্থান ও মাধ্যম : মন্ত্রণালয়ের সভাকক্ষ ও জুম এ্যাপস

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। গত ২৪/০২/২০২০ তারিখের সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়। অত:পর সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপনার জন্য শিল্প মন্ত্রণালয়ের উপসচিব (এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা) জনাব মো: সাইফুল ইসলাম কে আহ্বান জানান। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | সভায় অবহিত করা হয় যে, ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য কার্যক্রম অব্যাহত আছে এবং এ বিষয়ে দপ্তর/সংস্থাকে ১৫-২-২১ তারিখের ফিডব্যাক সভায় নির্দেশনা প্রদান করা হয়েছে। | শিল্প মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয়। |
| ২. | শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থায় ই-নথি/ই-মেইলের কার্যক্রমের বর্তমান অবস্থা দেখে সভাপতি মহোদয় হতাশা প্রকাশ করেন। তিনি বলেন যে, ই-নথি থেকে আমরা আগের তুলনায় অনেক পিছিয়ে যাচ্ছি এপিএতে লক্ষ্যমাত্রা ৮০% ই নথিতে বাস্তবায়ন করতে হবে। সভাপতি মহোদয় স্ব স্ব উইং প্রধান যেন তাঁর উইংয়ের ই-নথি কার্যক্রম জোর মনিটরিং করেন এবং আগামী মাসে ই-নথি বাস্তবায়নের তথ্য সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন | দাপ্তরিক কার্যক্রমে নিয়মিত ই-নথি/ই-মেইল ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে মন্ত্রণালয়ের ক্ষেত্রে অনুবিভাগ প্রধানগণ এবং দপ্তর/সংস্থার ক্ষেত্রে দপ্তর/সংস্থা প্রধানগণ জোর মনিটরিং করবেন এবং আগামী মাসে ই-নথি বাস্তবায়নের তথ্য সভায় উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল) |
| ৩. | সভাকে অবহিত করা হয় যে, এ পর্যন্ত ৯ টি দপ্তর/সংস্থায় সর্বমোট ৬৯৫ জন প্রশিক্ষণার্থীকে আইএপি প্রণয়ন বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। এনপিও, ডিপিডিটি এবং বিএসইসিকে বিগত ১১-৩-২১ তারিখে ৩০মার্চ/২১ এর মধ্যে আইএপি বিষয়ে প্রশিক্ষণ দেয়ার জন্য পত্র দেয়া হয়েছে। | এনপিও, ডিপিডিটি এবং বিএসইসি আইএপি প্রণয়ন বিষয়ে প্রশিক্ষণ পত্রে উল্লেখিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল) |

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| --- | --- | --- | --- |
| ৪. | সভাকে অবহিত করা হয় যে, জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০-২১ এর চুড়ান্ত নির্বাচন আগামী ৩০ মে/২১ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। এ বিষয়ে সভাপতি অতিরিক্ত সচিব প্রশাসনকে আহবায়ক করে একটি কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন। | শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা -২০১৭ অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে কর্মকর্তা /কর্মচারী নির্বাচনের জন্য নিম্নোক্তভাবে পাঁচ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হলো<br>১. মিজ লুৎফুন নাহার, অতিরিক্ত সচিব (প্রশাসন), আহবায়ক<br>২. জনাব মো: সালাহউদ্দিন, যুগ্মসচিব (ই-গভ: আইসিটি ও এমআইএস), সদস্য<br>৩. জনাব নেপাল চন্দ্র কর্মকার, উপসচিব (জাস, সমন্বয় ও প্রওম অধিশাখা), সদস্য<br>৪. ড. মো: সাইফুল ইসলাম, উপসচিব (এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা), সদস্য<br>৫. জনাব ইশতিয়াক হোসেন, সিস্টেম এনালিস্ট, সদস্য। | |
| ৫. | শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তার ২০২০-২১ অর্থবছরের ব্যক্তিকেন্দ্রিক কর্ম-পরিকল্পনা (Individual Action Plan-IAP) যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধানগণ এবং দপ্তর/সংস্থা প্রধানগণ প্রতিমাসে মাসিক সভায় আইএপি পর্যালোচনা করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তার ২০২০-২১ অর্থবছরের ব্যক্তিকেন্দ্রিক কর্ম-পরিকল্পনা (Individual Action Plan-IAP) যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধানগণ এবং দপ্তর/সংস্থা প্রধানগণ তার সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে প্রতিমাসের সভায় অগ্রগতি আলোচনা করবেন। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল) |

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭.০৩.২১

(কে এম আলী আজম)
সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
শিল্প মন্ত্রণালয়

৭